

রূপালী ব্যাংক লিমিটেড
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রধান কার্যালয়ের সকল বিভাগ/ আরবিটিআই/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা/অন্যান্য শাখা/
আঞ্চলিক কার্যালয়, নিরীক্ষা ও পরিদর্শন সেল :-

ইস্তেহার নং-প্রকা/প্রশা/সার্ভিসেস/১৬

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৭ বাং
০৭ জুন, ২০১০ ইং

বিষয়ঃ- ব্যাংক সমূহের ২০১০ সালের ছুটির তালিকা সংশোধন প্রসংগে।

উপরোক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা হতে প্রাপ্ত ১৯শে মে, ২০১০ তারিখের স্মারক নং-০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে ছব্ব পুনঃমুদ্রণ করা হলো।

(এস, এম, শফিউল্লাহ)
উপ-মহাব্যবস্থাপক

(কপি)

স্মারক নং-
০৫.১৭৩.০০৮.০৯.০০.০০১.২০১০-১৬২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.moestab.gov.bd

তারিখ : ১২ বৈশাখ, ১৪১৭ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০১০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংস্থাপন মন্ত্রণালয়ের ২৫ নভেম্বর, ২০০৯/১১ অগ্রহায়ন, ১৪১৬ তারিখের সম(বিধি-৪)ছুটি-৯/২০০৭-৪৫২নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিএকমে সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের পরিপ্রেক্ষিতে চন্দ্রতিথি অনুসারে পূর্বে ঘোষিত শুভ জন্মান্তমী আগামী ১৫ আগষ্ট, ২০১০/৩১ শ্রাবণ, ১৪১৭ তারিখ রোজ রবিবার এর পরিবর্তে শুভ জন্মান্তমী ০২ সেপ্টেম্বর, ২০১০ খ্রিস্টাব্দ/১৮ ভাদ্র, ১৪১৭ বঙ্গাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশের সকল সরকারি ও আধা-সরকারি অফিস এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠান সমূহে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) পালন করা হবে।

০২। যে সকল অফিসের সময়সূচী ও ছুটি তাদের নিজস্ব আইন-কানুন দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে অথবা যে সকল অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের চাকুরী সরকার কর্তৃক অত্যাবশ্যিক চাকুরী (Essential Service) হিসেবে ঘোষণা করা হয়েছে সেক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস, সংস্থা ও প্রতিষ্ঠান নিজস্ব আইন-কানুন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে এ ছুটি ঘোষণা করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ
সিনিয়র সহকারী সচিব
dsregulation4@moestab.gov.bd